

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫০. প্রথম অনুচ্ছেদ - সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণের সালাত

بَابُ صَلَاةِ الْخُسُوْف

আরবী

وَعَن ابْن عَبَّاس قَالَ: صلى الله عَلَيْهِ وَسلم حِين كسفت الشَّمْس ثَمَان رَكْعَات فِي أَربع سَجدات

বাংলা

১৪৮৬-[৭] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যগ্রহণের সময় (দু' রাক্'আত) সালাত (সালাত/নামায/নামাজ) আট রুকু' ও চার সাজদায় আদায় করেছেন।[1]

ফুটনোট

[1] য'ঈফ: মুসলিম ৯০৮, ইবনু আবী শায়বাহ্ ৮৩০০, দারিমী ১৫৬৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৩২২। শায়খ আলবানী (রহঃ) বলেছেন, হাদীসটি য'ঈফ, যদিও ইমাম মুসলিম (রহঃ) হাদীসটি সহীহ মুসলিমে স্থান দিয়েছেন। কারণ এর সানাদে হাবীব বিন আবী সাবিত রয়েছেন, যিনি বিশ্বস্ত হলেও একজন মুদ্দালিস রাবী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন